দৈনিক বাংলা

তারিখ ... 22|8|74 ...
পৃষ্ঠা ... ৮ কলাম 3 ...

245

# পল্লী চিকিৎসক শিক্ষাকেন্দ্রে ভর্তির শর্ত

২০শে আগস্টের দৈনিক বাংলায় প্রকাশিত পল্লী চিকিৎসক ট্রেনিং প্রোগ্রামের আওতায় বাংলাদেশের বিভিন্ন থানা হেলথ কমপ্লেক্সে পল্লী চিকিৎসক শিক্ষা কেন্দ্রে ভর্তির জন্যে প্রার্থীদের উপর যে শর্ত আরোপ করা হয়েছে তার একটি শর্ত হলো পল্লী প্রার্থী 'পল্লী গ্রামের বাসিন্দা' এই মর্মে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের নিকট থেকে সার্টিফিকেট দাখিল করতে হবে। এখন কথা হলো যাদের বাড়ী পল্লী গ্রামে, শহরে কোন বাড়ীঘর নেই অথচ কাজের জন্যে শহরে বাস করছেন এমন লোক যদি পল্লী চিকিৎসকের ট্রেনিং নিয়ে গ্রামে বাস করতে চান তাহলে তারা কি উক্ত পদের জন্য যোগ্য হবে না? আমার ব্যক্তিগত কথাই বলি, আমি গ্রামে থাকার জন্য আপ্রাণ চেষ্টা করেছি কিন্তু গ্রামে আমার কোন কৃষিযোগ্য জমি বা অন্য কোন অবলম্বন নেই যা দ্বারা জীবিকা নির্বাহ করতে পারি।

সারাক্ষণ আমার মন পড়ে থাকে গ্রামে, আমার জন্ম ভূমিতে। অথচ অনিচ্ছা সত্ত্বেও বাধ্য হয়ে আমাকে শহরে থাকতে হয়। এখন আমার প্রবল ইচ্ছা এই পল্লী চিকিৎসকের ট্রেনিং নিয়ে গ্রামে বাস করে গ্রামের মানুষের সেবা করি। কিন্তু কর্তৃপক্ষের উল্লেখিত শর্তের জন্যে আমি সম্ভবতঃ দরখাস্তই করতে পারবো না। কারণ চেয়ারম্যান সাহেব আমাকে সে সার্টিফিকেটই দেবেন না। বলবেন, তুমি শহরে বাস করছ।

কর্তৃপক্ষের প্রতি আমার বিশেষ অনুরোধ যারা বাধ্য হয়ে শহরে বাস করছেন, যারা মহৎ প্রেরণায় উদ্বুদ্ধ হয়ে ভালো চাকরি ছেড়ে দিয়েও গ্রামের মানুষের কাছে যেতে চান, তাদের জন্যে অন্ততঃ 'গ্রামের বাসিন্দা' এই শর্তটুকু তুলে দিন এবং তার পরিবর্তে ট্রেনিং শেষ করে গ্রামেই বাস করতে হবে এই মর্মে বন্ড সই করিয়ে নিয়ে তাদের আবেদন করার সুযোগ দিন।

—শেখ মুহম্মদ নুরুল ইসলাম
হরপাড়া, শান্তিনগর, ঢাকা।